



উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

খোকসা, কুষ্টিয়া

www.khoksha.kushtia.gov.bd

০১ মাঘ, ১৪৩০

তারিখঃ-----

১৪ জানুয়ারি, ২০২৪

স্মারক নং: ০০.০০.৫০৪৩.০০৬.০৭.০০১.২৪.২৪

বাংলা ১৪৩১ সনের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার খোকসা উপজেলাধীন হাট-বাজার সরকারি বিদ্যমান নীতিমালার আলোকে বাংলা ১৪৩১ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদি ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত সিল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নির্ধারিত তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, খোকসা, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, খোকসা ও অফিসার ইন-চার্জ, খোকসা থানা এর কার্যালয়ে নির্ধারিত তারিখের মধ্যে অফিস চলাকালে জাতীয় পরিচয় পত্র জমাদানপূর্বক সরাসরি অর্থ প্রদানের (অফেরতযোগ্য) মাধ্যমে যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে সিডিউল ক্রয় করা যাবে। জেলা প্রশাসক, কুষ্টিয়া ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা প্রদান করা হবে। একই দিন বেলা ৩.০০ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। ইজারা গ্রহণে আগ্রহী সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উপস্থিত হয়ে কার্যক্রমের স্বচ্ছতা পর্যবেক্ষণের সহায়ক ভূমিকা পালনের জন্য অনুরোধ করা যাচ্ছে। ইজারা প্রদানের প্রথম ঘোষিত তফসিলে ইজারার শর্তসমূহ দরপত্রের সিডিউলে বর্ণিত হয়েছে। উল্লেখ্য যে, ইজারা গ্রহীতাকে ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% হারে ভ্যাট (মূল্য সংযোজন কর) এবং ১০% হারে উৎসে কর ও ৫% হারে জামানতসহ কাঙ্ক্ষিত ইজারা মূল্যের সমুদয় অর্থ (১৩০%) ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। ইজারা কার্যক্রমের সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ সর্বময় ক্ষমতা সংগ্রহ করেন।


হাট বাজারের সূচিপত্র

ক্রমিক নম্বর	ইউনিয়নের নাম	হাট বাজারের নাম	সিডিউল মূল্য	১৪৩১ বাংলা সনের জন্য কাঙ্ক্ষিত সরকারি ইজারা মূল্য
১.	বেতবাড়ীয়া ইউনিয়ন	বনগ্রাম হাট	৫০০/-	৩,২২০/-
২.	ওসমানপুর ইউনিয়ন	গণেশপুর হাট	৫০০/-	৭,০০০/-
৩.	জানিপুর ইউনিয়ন	একতারপুর হাট	১,২০০/-	২,০৪,৫৮০/-
৪.	শিমুলিয়া ইউনিয়ন	বিলজানি বাজার	৫০০/-	৪৪,০৮৮/-
৫.	ঐ	নক্সাপাড়া হাট	৫০০/-	৩,৫০০/-
৬.	শোমসপুর ইউনিয়ন	শোমসপুর বাজার	১,০০০/-	১,৫৩,০৯১/-
৭.	জয়ন্তীহাজরা ইউনিয়ন	ফুলবাড়ী বাজার	৫০০/-	৩,০০০/-
৮.	ঐ	ভবানীগঞ্জ বাজার	৫০০/-	৮৩,৫৯৮/-
৯.	ঐ	মাসিলিয়া বাজার	৫০০/-	৩৩,২৫০/-
১০.	গোপগ্রাম ইউনিয়ন	গোপগ্রাম বাজার	১,০০০/-	১,৫২,৫৬১/-
১১.	ঐ	সাতপাখিয়া বাজার	৫০০/-	২৯,২২০/-
১২.	ঐ	আমলাবাড়ী বাজার	৫০০/-	১০,৮০০/-
১৩.	খোকসা ইউনিয়ন	মোড়াগাছা বাজার	৫০০/-	১১,৮২০/-
১৪.	আমবাড়ীয়া ইউনিয়ন	সেনগ্রাম হাট	১,৮০০/-	৫,২৯,৬২১/-

ডাকের তফসিল

ডাক	সিডিউল ক্রয়ের তারিখ	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র দাখিলের সর্বশেষ সময়	দরপত্র বাক্স খোলার সময়
১ম ডাক	১৮/০১/২০২৪ হতে ৩১/০১/২০২৪ খ্রি. পর্যন্ত	০১/০২/২০২৪ খ্রি.	দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত	বিকাল ৩:০০ ঘটিকা
২য় ডাক	১০/০২/২০২৪ হতে ২০/০২/২০২৪ খ্রি. পর্যন্ত	২২/০২/২০২৪ খ্রি.	দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত	বিকাল ৩:০০ ঘটিকা
৩য় ডাক	০১/০৩/২০২৪ হতে ১৩/০৩/২০২৪ খ্রি. পর্যন্ত	১৪/০৩/২০২৪ খ্রি.	দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত	বিকাল ৩:০০ ঘটিকা

প্রত্যেক ডাকের পর কোন কোন হাট বাজারের দরপত্র বিক্রয় করা হবে সে সম্পর্কে বিস্তারিত তথ্যাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। এছাড়া সিডিউলের শর্ত সরকারি হাটবাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা প্রযোজ্য হবে।


ইরুফা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
খোকসা, কুষ্টিয়া।
ফোনঃ ০২-৪৭৭৭৮৫৩০১